# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 15.07.2024** **Time: 7.35 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে গণতন্ত্র রক্ষায় শুভবুদ্ধিসম্পন্ন সমস্ত শ্রেণীর মানুষকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন, রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। ২১-শে জুলাই গণতন্ত্র হত্যা দিবস কর্মসূচী পালন করবে বিজেপি।

২) রাজ্যের চার বিধানসভা আসনের বিজয়ী প্রার্থীদের দ্রুত শপথ বাক্য পাঠ করানোর অনুমতি চেয়ে রাজ্যের পরিষদীয় দফতর রাজ্যপালকে চিঠি দিচ্ছে।

৩) কেন্দ্রীয় সরকারের টেলি মেডিসিন প্রকল্প ই-সঞ্জীবনীতে চিকিৎসকের পরামর্শের নিরিখে শীর্ষস্থানে রয়েছে পশ্চিমবঙ্গ।

৪) আজ উল্টো রথযাত্রা। কলকাতা ছাড়াও নদীয়ার মায়াপুর, হুগলীর মাহেশ, গুপ্তিপাড়া ও পূর্ব মেদিনীপুরের মহিষাদলে বহু মানুষের সমাগম হচ্ছে।

৫) নিম্নচাপ অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের পাশাপাশি সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে।

---

রাজ্যে গনতন্ত্র রক্ষায় শুভবুদ্ধিসম্পন্ন সমস্ত শ্রেনীর মানুষকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্যে ভোট পরবর্তী হিংসার প্রতিবাদে প্রস্তাবিত কর্মসূচি বিজেপি গতকাল রাজভবনের সামনে ধর্নায় বসে। বিরোধী দলনেতা ছাড়াও, দলের পরিষদীয় দলের কয়েকজন সদস্য সেখানে উপস্থিত ছিলেন। যোগ দেন

দলের নেতা তাপস রায় ও রুদ্রনীল ঘোষ। ভোট পরবর্তী হিংসায় ক্ষতিগ্রস্ত প্রায় ৩০০টি পরিবারের সদস্যরা ধর্না মঞ্চে উপস্থিত ছিলেন। পরে সাংবাদিকদের কাছে শুভেন্দু বাবু বলেন, ২১শে জুলাই তৃণমূল কংগ্রেসের শহিদ দিবসের দিন রাজ্য জুড়ে গনতন্ত্র হত্যা দিবস কর্মসূচি পালন করা হবে। ঐ দিন রাজ্যের সব থানায় স্মারকলিপি জমা দেবেন বিজেপি কর্মী সমর্থকরা।

বাইট

ভোটের সময় হিংসা ও সন্ত্রাসের কারণে যারা ভোট দিতে পারেননি বিজেপি তাদের জন্য একটি বিশেষ পোর্টাল চালু করছে। LOP পোর্টাল-এর আজ সূচনা হচ্ছে। রাজ্যে পঞ্চায়েত, লোকসভা এবং সম্প্রতি বিধানসভা উপনির্বাচনে যাদের ভোট দিতে দেওয়া হয়নি, তারা এই পোর্টালে নাম নথিভুক্ত করতে পারবেন। এরপর বিষয়টি নিয়ে একটি বৃহত্তর আন্দোলন করা হবে। শ্রী অধিকারী বলেন, ১৯ তারিখ তিনি নিজে এবং পরিষদীয় দলের সদস্যরা ভোট দিতে পারেননি এবং ভোটের সময় আক্রান্ত হয়েছেন এমন মানুষদের বাড়িতে যাবেন। উপনির্বাচনে যারা ভোট দিতে পারেননি তাদের মধ্যে থেকে ১০০জনকে নিয়ে রাজভবনের সামনে উপস্থিত হবেন তিনি। বিরোধী দলনেতা আক্রান্তদের বৃহত্তর আন্দোলনে নামার আহ্বান জানিয়েছেন। নবান্ন অভিযানেরও ডাক দেন তিনি।

অন্যদিকে শ্রী অধিকারী রাজ্যে আলু সহ উৎপাদিত পণ্যের মূল্যবৃদ্ধি, বিদ্যুতের মাসুল বৃদ্ধি সহ একাধিক ইস্যুতে আন্দোলনে নামার কথা জানান।

--------------------------

একুশে জুলাই দিনটিকে কেন্দ্র করে সস্তা প্রচারের চেষ্টা হচ্ছে বলে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ কটাক্ষ করেছেন। গতকাল সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, প্রচারের আলোয় আসার জন্য একুশে জুলাই দিনটিতে কোন কোন দল জেগে ওঠে।

---------------------------

রাজ্যের ৪ বিধানসভা কেন্দ্রের সাম্প্রতিক উপনির্বাচনের বিজয়ী প্রার্থীদের দ্রুত শপথ বাক্য পাঠ করানোর অনুমতি চেয়ে রাজ্যের পরিষদীয় দফতর, রাজ্যপালকে চিঠি দিচ্ছে। পরিষদীয় মন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায় জানিয়েছেন, চিঠিতে ৪ জন নতুন বিধায়কের শপথগ্রহণের জন্য রাজ্যপাল সি ভি আনন্দ বোসকে উদ্যোগী হতে অনুরোধ করা হবে। নির্বাচন কমিশন বিধায়কদের জয়ের বিষয়টি বিধানসভার সচিবালয়কে জানালে সেই কাগজপত্র বিধানসভা এবং রাজ্য সরকারের পরিষদীয় দফতরের পক্ষ থেকে পাঠানো হবে রাজভবনে। তার পরই, শপথগ্রহণ অনুষ্ঠান কবে হবে সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন রাজ্যপাল। প্রসঙ্গত রাজ্যপালের অনুমোদন না পাওয়ায় সাম্প্রতিককালে বরানগর এবং ভগবানগোলার বিজয়ী দুই প্রার্থীর শপথ গ্রহণ দীর্ঘ সময় আটকে ছিল।

---------------------------

কেন্দ্রীয় সরকারের টেলি মেডিসিন প্রকল্প ই-সঞ্জীবনীতে চিকিৎসকের পরামর্শের নিরিখে শীর্ষস্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। এক্ষেত্রে তামিলনাড়ু, কর্ণাটকের কেরলের মত রাজ্যকেও পেছনে ফেলেছে বাংলা। ২০২১ সালের অগাস্টে রাজ্যে চালু হয় টেলি মেডিসিন প্রকল্পটি। এপর্যন্ত পরিষেবা পেয়েছেন চার কোটি চার লক্ষের বেশি মানুষ। রাজ্যের ১০ হাজারের বেশি সরকারি হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রে টেলি মেডিসিন

পরিষেবা পাওয়া যাচ্ছে। ৮ হাজার ৯২৬ টি উপস্বাস্থ্য কেন্দ্র ছাড়াও ৭৮০ টি প্রাথমিক ও ৪৬৫ টি পুর স্বাস্থ্য কেন্দ্রে মিলছে পরিষেবা।

---------------------------

শহরাঞ্চলে দৃশ্যদূষণ ঠেকাতে রাজ্য সরকার নতুন হোডিং নীতি তৈরি করেছে। হেরিটেজ ভবন, শ্মশান, কবরস্তান, জলাশয় এবং বানাঞ্চলে হোডিং লাগানো সম্পূর্ণ নিষিদ্ধ করা হচ্ছে। প্রতিটি পুরসভাকে নো হোডিং জোন চিহ্নিত করতে বলা হয়েছে। নতুন হোডিং নীতিতে স্পষ্ট জানানো হয়েছে, বিজ্ঞাপনের হোডিং লাগাতে গিয়ে কারোর বাড়িতে আলো-বাতাস চলাচল বন্ধ করা যাবে না। জীবনহানির আশঙ্কা রয়েছে, এমন এলাকায় হোডিং লাগানোর অনুমতি দেওয়া হবে না। হোডিং লাগানোর ফলে শহরের নান্দনিক সৌন্দর্য ব্যাহত হচ্ছে কিনা, তাও বিবেচনা করে দেখা হবে। পাশাপাশি হোর্ডিং-এ লাল ও সবুজ আলোর ব্যবহার পুরোপুরি নিষিদ্ধ করা হচ্ছে। পুরো মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন, পুরসভাগুলিকে এখন থেকে বাধ্যতামূলকভাবে নতুন হোডিং নীতি মেনে চলতে হবে।

উল্লেখ্য, দিন কয়েক আগে মুখ্যমন্ত্রী যত্রতত্র হোডিং লাগানো নিয়ে ক্ষোভ প্রকাশ করেছিলেন।

---------------------------

রাজ্য সরকার চলতি অর্থবর্ষে সাড়ে ১০ কোটি হাঁস মুরগী বাচ্চা বন্টন করবে। প্রাণী সম্পদ বিকাশ দফতর সূত্রে জানানো হয়েছে, মোট ৯ কোটি মুরগী এবং বাকি সংখ্যক হাঁসের বাচ্চা বিলি করা হবে। একজন ব্যক্তি ১০টি করে হাস বা মুগরীর বাচ্চা পাবেন।

উল্লেখ্য গত ২ বছরে রাজ্য সরকার ১৫ লক্ষ উপভোক্তাকে হাঁস, মুরগী বাচ্চা দিয়েছিল।

--------------------------

আজ উল্টো রথ। মাসির বাড়িতে ৮ দিন থাকার পর নবম দিনে শ্রী জগন্নাথ দেব, বলরাম ও সুভদ্রা ফিরে আসবেন তাদের নিজ নিজ মন্দিরে। রীতি মেনে পুজোর পর অসংখ্য ভক্ত পুণ্যার্থীরা জগন্নাথ দেব বলরাম ও সুভদ্রার সুসজ্জিত রথের রশি টেনে নিয়ে যাবেন । কলকাতার ইসকন এর উল্টো রথ যাত্রা আজ দুপুর একটায় ময়দানে অস্থায়ী মাসির বাড়ি থেকে যাত্রা শুরু করবে। আউটরাম রোড, জওহরলাল নেহেরু রোড, S N ব্যানার্জি রোড, মৌলালি, CIT রোড, পার্ক সার্কাস সেভেন পয়েন্ট ক্রসিং ,শেক্সপিয়ার সরণি, হাঙ্গারফোর্ট স্ট্রীট হয়ে জগন্নাথ দেবের রথ অ্যালবার্ট রোডে ইসকন মন্দিরে পৌঁছবে।

কলকাতা ছাড়াও নদীয়ার মায়াপুর, হুগলির মাহেশ, গুপ্তিপাড়া এবং পূর্ব মেদিনীপুর জেলার মহিষাদলে উলটো রথ উপলক্ষে বহু মানুষের সমাগম হয়।

--------------------------

দীঘাগামী যাত্রীদের সুবিধার জন্য পূর্ব রেল আগামী ২৮ শে জুলাই পর্যন্ত প্রতি সপ্তাহে শনিবার ও রবিবার বিশেষ ট্রেন চালাচ্ছে। যাত্রী সুবিধার জন্য দক্ষিণেশ্বর স্টেশনেও থামছে ট্রেন।

--------------------------

উত্তর ২৪ পরগণার খড়গদায় গতরাতে ডাউন হাজারদুয়ারি এক্সপ্রেস বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেয়েছে। রাত ৯ টা নাগাদ লেবেল ক্রসিং বন্ধ হওয়ার সময়

ট্রেনটি দুটি গাড়িতে ধাক্কা দেয়। বড়সড় কোনো ক্ষতি না হলেও চার নম্বর লাইনে ট্রেন চলাচল প্রায় আধ ঘন্টা বন্ধ থাকে। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন, লেবেল ক্রসিং বন্ধ হওয়ার সময় একটি বড় ও একটি ছোট গাড়ি জোর করে ঢুকে পড়ে। গাড়ির মালিকদের বিরুদ্ধে থানায় অভিযোগ জানানো হয়েছে।

---------------------------

রাজ্যের ওপর দিয়ে বিস্তৃত নিম্নচাপ অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের পাশাপাশি সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে।

উত্তরবঙ্গের সব জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা থাকলেও দক্ষিণবঙ্গে আপাতত ভারী বৃষ্টির পূর্বাভাষ নেই। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন,

বাইট

---------------------------

কলকাতার কাশীপুরে ‘বিধায়কের নাম করে’ তোলা আদায়, প্রোমোটারকে মারধোর, অফিস ভাঙচুর ও লুটপাটের অভিযোগে পুলিশ মূল অভিযুক্ত অভিজিৎ মন্ডল ওরফে রানা সহ মোট ছয় জনকে গ্রেপ্তার করেছে। গতকাল তাদের শিয়ালদহ আদালতে তোলা হলে, আদালত ১৮ ই জুলাই পর্যন্ত পুলিশ হেফাজত দিয়েছে। অভিযোগ রানা ও তার দলবল কাশীপুর থানা এলাকায় এক প্রোমোটার এর অফিসে চড়াও হয়ে পাঁচ লক্ষ টাকা দাবি করে। তা দিতে অস্বীকার করলে শুরু হয় বচসা। ভাংচুর এর পাশাপাশি মারধোর করা হয় প্রমোটারকে। তাঁর প্রায় দুই লক্ষ টাকার একটি হীরের আংটি খোয়া যায় বলে ঐ ব্যক্তি থানায় অভিযোগ দায়ের করেন। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

---------------------------

আলিপুর চিড়িয়াখানায় গতকাল বনমহোৎসব ও শিম্পাঞ্জি দিবস পালন করা হয়। এই উপলক্ষে চিড়িয়াখানায় ২০ টি ব্রেইল বোর্ড লাগানো হয়েছে। দৃষ্টি প্রতিবন্ধীরা যাতে জন্তুজানোয়ার সম্পর্কে জানতে পারেন সেই জন্য এগুলি লাগানো হচ্ছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। রাজ্যের মন্ত্রী বীরবাহা হাঁসদা এর সূচনা করে বলেন,

বাইট

---------------------------

কলকাতা প্রিমিয়ার ডিভিশন লীগ ফুটবলে মহামেডান স্পোর্টিং ৩-১ গোলে সাদার্ন সমিতিকে হারিয়ে দিয়েছে। নিজেদের মাঠে গতকাল এই ম্যাচে বিরতিতে রবিনসন সিংএর দেওয়া গোলে মহামেডান স্পোর্টিং এগিয়ে যায়। দ্বিতীয়ার্ধে ইসরাফিল দেওয়ান ও লালথাকিমা একটি করে গোল করেছেন। সাদার্ন সমিতি আলোসিয়াস গোল করেন। মহামেডান স্পোর্টিং পাঁচ ম্যাচে ১০ পয়েন্ট সংগ্রহ করলো।

---------------------------

পুরুষ ও মহিলাদের জুনিয়র পূর্বাঞ্চলীয় হকি প্রতিযোগিতা গতকাল সল্টলেকের সাই কেন্দ্রে শুরু হয়েছে। বাংলার মেয়েরা প্রথম ম্যাচে ৭-০ গোলে বিহারকে হারিয়ে দিয়েছে। পুরুষ ও মহিলা উভয় বিভাগেই ৬ টি করে দল এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছে।

-------------------------- --------------------------